

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
লালমনিরহাট।

স্মারক নং-৩৪.০১.৫২০০.০০০.৩৮.২৬.২৩.(অংশ-২)-৫৮৫

তারিখ-০৫/১১/২০২৫ খ্রিঃ।

ভর্তি বিজ্ঞপ্তি

লালমনিরহাট জেলার ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্তে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃষ্ণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্ম প্রত্যাশী যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্স / ট্রেডের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)	সাক্ষাৎকারের তারিখ ও সময়
০১	আত্মকর্মী থেকে উদ্যোক্তা	৩০ জন	০৫ দিন	০	০	২৩/১১/২০২৫ খ্রিঃ, বেলা ০২ ঘটিকা

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত শর্তাবলী :

- ক) এটুআই a2i এর সাথে যৌথভাবে NISE ভুক্ত সকল জেলা অনলাইন <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে একই সাইটে লগ ইন করে নিজ নিজ প্রশিক্ষণ কোর্সে আবেদন সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্ট (সিডি প্রিন্ট) কপি উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট এ প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্ট (সিডি প্রিন্ট) কপিতে ইউজার আইডি এবং পাসওয়ার্ড লাল কালিতে লিখে দিতে হবে।
- খ) বর্ণিত/ ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৯ নভেম্বর ২০২৫ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ২৩/১১/২০২৫ খ্রিঃ।
- গ) বর্ণিত কোর্সে/ ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অনুসারে অব্যাহত ১৮ হতে ৩৫ বৎসর এবং কর্মপ্রত্যাশী যুবনারী হতে হবে।
- ঘ) যুব সংগঠন কর্তৃক মনোনীত যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ঙ) আবেদনকারী / প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেফিট গ্রহণযোগ্য নয়।
- চ) অন-লাইনে আবেদনের প্রিন্ট (সিডি প্রিন্ট) কপির সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ছায়াছবি (সত্যায়িত) (খ) জাতীয়তা পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়াছবি জমা দিতে হবে, সাক্ষাৎকার ও মনোনয়ন কালে সকল মূল সনদপত্র ও সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সঙ্গে আনতে হবে।
- ছ) দলিত (সুইপার ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতিত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তি সুযোগ রয়েছে।
- জ) সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ / ডি.এ দেয়া হবে না।
- ঝ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ঞ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, ফেসবুক আইডি, ই-মেইল আইডি আবশ্যিক ভাবে দিতে হবে।
- ট) আবেদন পত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ঠ) লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ড) প্রশিক্ষণরত বা পূর্বে কোন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ঢ) দৈনিক ১০০(একশত) টাকা হারে উপস্থিতির ভিত্তিতে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

স্মারক নং-৩৪.০১.৫২০০.০০০.৩৮.২২.২৩-৫৮৫

সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। পরিচালক (প্রশাসন, প্রশিক্ষণ, অর্থ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
০২। জেলা প্রশাসক, লালমনিরহাট।  
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট সদর/ আদিতমারী / কালীগঞ্জ/ হাতীবান্ধা /পাটগ্রাম, লালমনিরহাট।  
০৪। অফিস কপি/ গার্ড নথি / নোটিশ বোর্ড।

মোঃ আব্দুল হামিদ শিকদার  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট  
তারিখ-০৫/১১/২০২৫ খ্রিঃ

সহকারী পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
লালমনিরহাট